Press Release

Seminar on

**Energy Security in Bangladesh: From Crisis Management to Resilient Energy Transition**

07 September 2026

---

The Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a seminar titled **"Energy Security in Bangladesh: From Crisis Management to Resilient Energy Transition"** on Monday, 07 September 2026, at the BIISS Auditorium, Dhaka. **H.E. Rashed Al Mahmud Titumir, Honourable Advisor, Ministry of Finance and Ministry of Planning, Government of Bangladesh**, attended the seminar as the Chief Guest. The programme commenced with a welcome address by **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G, Director General, BIISS**, who also chaired the session.

The seminar featured presentations by **Dr Mahfuz Kabir, Research Director, BIISS; Mr Manjur Alam Prodhan, Additional Secretary, Energy and Mineral Resources Division (EMRD); and Professor Dr Ejaz Hossain, Chairman, ESTex Foundation**. The presentations and subsequent discussion examined Bangladesh's energy security from strategic, economic and technological perspectives, with particular attention to energy supply and affordability, import dependence, domestic energy resources, infrastructure resilience, renewable energy, energy efficiency and the broader economic implications of energy insecurity.

In his welcome address, the **Director General, BIISS** emphasised that energy security is integral to economic security, industrial competitiveness, foreign policy and national resilience. He noted that Bangladesh's energy challenge is not simply one of generation capacity, but also of ensuring affordable, reliable and sustainable primary energy. He stressed the need to move **from crisis management to resilience, from import dependence to diversification, and from short-term responses to strategic planning**. He also highlighted the importance of domestic energy exploration, strategic reserves, renewable energy, grid and storage development, regional cooperation, and institutional accountability.

In his remarks, the **Chief Guest, H.E. Rashed Al Mahmud Titumir**, underscored that energy security is closely linked with economic security and national development. He stressed the importance of diversifying energy sources and supply routes, strengthening domestic energy capabilities, improving infrastructure and contingency arrangements, and promoting energy efficiency. He further highlighted the need for a pragmatic and sustainable energy transition that balances **security, affordability, economic competitiveness and environmental sustainability**, alongside greater coordination among government institutions and stronger engagement with the private sector, academia and development partners.

An open discussion followed, with participants exchanging views on Bangladesh's present and future energy challenges and possible policy responses. The discussion emphasised the importance of developing a diversified, resilient and sustainable energy system capable of responding to geopolitical, market and infrastructure-related disruptions. In his concluding remarks as the Chair of the session, the Director General expressed hope that the seminar would help develop an actionable roadmap to strengthen Bangladesh's energy security and support a secure, affordable, diversified, and resilient energy future.

The seminar was attended by senior government officials, diplomats, academics, researchers, energy experts, representatives of the private sector and development partners, and other distinguished participants.

**সংবাদ বিজ্ঞপ্তি**

Seminar on

**Energy Security in Bangladesh: From Crisis Management to Resilient Energy Transition**

০৭ সেপ্টেম্বর ২০২৬

---

বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) সোমবার, ০৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বিআইআইএসএস মিলনায়তনে '**Energy Security in Bangladesh: From Crisis Management to Resilient Energy Transition'** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা **জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর** সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি**-এর স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু হয়, তিনি এই অধিবেশনটির সভাপতিত্বও করেন।

সেমিনারে বিআইআইএসএস-এর গবেষণা পরিচালক **ড. মাহফুজ কবির**, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের (EMRD) অতিরিক্ত সচিব **জনাব মঞ্জুর আলম প্রধান** এবং ইএসটেক্স (ESTex) ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক **ড. এজাজ হোসেন** তাঁদের উপস্থাপনা তুলে ধরেন। উপস্থাপনা ও পরবর্তী আলোচনায় কৌশলগত, অর্থনৈতিক ও প্রযুক্তিগত দৃষ্টিকোণ থেকে বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা পর্যালোচনা করা হয়। এতে জ্বালানি সরবরাহ ও এর সাশ্রয়ী মূল্য, আমদানির ওপর নির্ভরতা, অভ্যন্তরীণ জ্বালানি সম্পদ, অবকাঠামোগত সক্ষমতা ও সহনশীলতা, নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা এবং জ্বালানি নিরাপত্তার অভাবজনিত বৃহত্তর অর্থনৈতিক প্রভাবের বিষয়গুলোর ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

স্বাগত বক্তব্যে বিআইআইএসএস-এর মহাপরিচালক উল্লেখ করেন যে, অর্থনৈতিক নিরাপত্তা, শিল্পখাতের প্রতিযোগিতা সক্ষমতা, পররাষ্ট্রনীতি এবং জাতীয় সক্ষমতা ও সহনশীলতা এসবের অবিচ্ছেদ্য অংশ হলো জ্বালানি নিরাপত্তা। তিনি বলেন, বাংলাদেশের জ্বালানি খাতের চ্যালেঞ্জটি কেবল বিদ্যুৎ বা জ্বালানি উৎপাদনের সক্ষমতা বৃদ্ধির বিষয় নয়, বরং সাশ্রয়ী, নির্ভরযোগ্য ও টেকসই প্রাথমিক জ্বালানি নিশ্চিত করার বিষয়ও বটে। তিনি সংকট মোকাবিলার মানসিকতা থেকে বেরিয়ে এসে সক্ষমতা ও সহনশীলতা অর্জন, আমদানি নির্ভরতা কমিয়ে জ্বালানি উৎসের বৈচিত্র্য আনা এবং স্বল্পমেয়াদী পদক্ষেপের পরিবর্তে কৌশলগত পরিকল্পনার দিকে অগ্রসর হওয়ার ওপর জোর দেন। এছাড়া তিনি অভ্যন্তরীণ জ্বালানি অনুসন্ধান, কৌশলগত মজুদ গড়ে তোলা, নবায়নযোগ্য জ্বালানির প্রসার, গ্রিড ও সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, আঞ্চলিক সহযোগিতা এবং প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা নিশ্চিত করার গুরুত্বও তুলে ধরেন।

প্রধান অতিথি মহামান্য **রাশেদ আল মাহমুদ তিতুমীর** তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, জ্বালানি নিরাপত্তা অর্থনৈতিক নিরাপত্তা ও জাতীয় উন্নয়নের সাথে নিবিড়ভাবে জড়িত। তিনি জ্বালানির উৎস ও সরবরাহ পথের বৈচিত্র্য আনয়ন, অভ্যন্তরীণ জ্বালানি সক্ষমতা বৃদ্ধি, অবকাঠামো ও জরুরী পরিস্থিতি মোকাবিলার ব্যবস্থার উন্নয়ন এবং জ্বালানি দক্ষতার প্রসারের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি একটি বাস্তবসম্মত ও টেকসই জ্বালানি রূপান্তরের প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করেন যা নিরাপত্তা, সাশ্রয়ী মূল্য, অর্থনৈতিক প্রতিযোগিতা সক্ষমতা ও পরিবেশগত টেকসই ব্যবস্থার মধ্যে ভারসাম্য বজায় রাখবে। পাশাপাশি সরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে অধিকতর সমন্বয় এবং বেসরকারি খাত, শিক্ষাবিদ ও উন্নয়ন সহযোগীদের সাথে জোরালো সম্পৃক্ততা নিশ্চিত করার ওপরও তিনি জোর দেন।

এরপর একটি উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়, যেখানে অংশগ্রহণকারীরা বাংলাদেশের বর্তমান ও ভবিষ্যৎ জ্বালানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সম্ভাব্য নীতিগত পদক্ষেপ নিয়ে মতবিনিময় করেন। আলোচনায় ভূ-রাজনৈতিক, বাজার ও অবকাঠামো-জনিত বিঘ্ন মোকাবিলার সক্ষমতাসম্পন্ন একটি বৈচিত্র্যময়, সহনশীল ও টেকসই জ্বালানি ব্যবস্থা গড়ে তোলার গুরুত্বের ওপর জোর দেওয়া হয়। অধিবেশনের সভাপতি হিসেবে সমাপনী বক্তব্যে মহাপরিচালক আশা প্রকাশ করেন যে, এই সেমিনার বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা জোরদার এবং একটি নিরাপদ, সাশ্রয়ী, বৈচিত্র্যময় ও সহনশীল জ্বালানি ভবিষ্যৎ গড়ে তোলার লক্ষ্যে একটি কার্যকর কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা করবে।

উক্ত সেমিনারে সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তা, কূটনীতিক, শিক্ষাবিদ, গবেষক, জ্বালানি বিশেষজ্ঞ, বেসরকারি খাত ও উন্নয়ন সহযোগীদের প্রতিনিধি এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।